

শেয়ারহোল্ডার / বিনিয়োগকারীদের জন্য নোটিশ

[অবশিষ্ট / অদাবীকৃত নগদ লভ্যাংশ এবং অ-ফেরত পাবলিক সাবস্ক্রিপশন-এর অর্থ বিএসইসির
ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড বা পুঁজিবাজার স্থিতিশীলকরণ তহবিলে স্থানান্তর]

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর
১৪ জানুয়ারী ২০২১ তারিখের নির্দেশনা নং বিএসইসি/সিএমআরআরসিডি/২০২১-৩৮৬/০৩ এবং বাংলাদেশ
সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড) বিধি ২০২১ অনুসারে নগদ
লভ্যাংশের এবং অ-ফেরত পাবলিক সাবস্ক্রিপশন-এর অর্থ যদি লভ্যাংশ মোহনা/ অনুমোদনের দিন/ Record date
এর দিন থেকে ৩ (তিন) বছরের অধিক সময় অবশিষ্ট/অদাবীকৃত থাকে, তাহলে সেই অর্থ বিএসইসির ক্যাপিটাল মার্কেট
স্ট্যাবিলাইজেশন ফান্ড বা পুঁজিবাজার স্থিতিশীলকরণ তহবিলে স্থানান্তর করতে হবে।

উপরোক্ত বিধি বা নির্দেশনার আলোকে যে সমস্ত শেয়ারহোল্ডার/ বিনিয়োগকারীদের নগদ লভ্যাংশ ও পাবলিক
সাবস্ক্রিপশনের অর্থ ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড বা পুঁজিবাজার স্থিতিশীলকরণ তহবিলে স্থানান্তরের যোগ্য
হবে তাদের বিস্তারিত তথ্য কোম্পানীর ওয়েবসাইট www.kdsaccessories.com এ প্রকাশিত হয়েছে।

সংশ্লিষ্ট শেয়ারহোল্ডার/ বিনিয়োগকারীগণকে উপর্যুক্ত প্রাপ্য অর্থ যদি থাকে তা গ্রহণের জন্য যথোপযুক্ত প্রামাণ্য
দলিল সহ আগামী ২২ সেপ্টেম্বর, ২০২১ইং তারিখের মধ্যে কোম্পানীর প্রধান কার্যালয়, ১৯১-১৯২ বায়োজিদ
বোস্তামী রোড, নাসিরাবাদ শিল্প এলাকা, চট্টগ্রাম-এ ঠিকানায় আবেদন করতে অথবা
kdsaltdshareinfo@kdsgroup.net -এ যোগাযোগ করতে অনুরোধ করা হচ্ছে।

উল্লেখিত সময়ের মধ্যে যারা আবেদন করতে ব্যর্থ হবেন তাদের অদাবীকৃত বা অবশিষ্ট নগদ লভ্যাংশ ও পাবলিক
সাবস্ক্রিপশনের অর্থ বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনা অনুযায়ী ক্যাপিটাল মার্কেট
স্ট্যাবিলাইজেশন ফান্ড বা পুঁজিবাজার স্থিতিশীলকরণ তহবিলে স্থানান্তর করা হবে।

কেডিএস এক্সেসরিজ লিমিটেড এর পক্ষে

মনজুরে খোদা
কোম্পানী সচিব

তারিখ : ২৪ আগস্ট ২০২১

চট্টগ্রাম